সংবাদ

21 JUN 2007

পৃষ্ঠা ১২ কলাম ৫

# এমপিওভুক্তি বাতিল হচ্ছে কেউ পাস না করা শিক্ষা প্রতিষ্ঠানের

নিজস্ব বার্তা পরিবেশক

চলতি বছর এসএসসি পরীক্ষায় যেসব স্কুলের একজন ছাত্রছাত্রীও পাস করতে পারেনি সেসব স্কুলের সরকারি এমপিওভুক্তি বাতিলসহ বিভিন্ন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এবার দেশের ৯টি শিক্ষা বোর্ডের মোট ২৪৮টি স্কুল ও মাদ্রাসার একজন ছাত্রও এসএসসি ও দাখিল পরীক্ষায় পাস করতে পারেনি। জানা গেছে, যেসব স্কুল ও মাদ্রাসার কোন ছাত্র পাস করতে পারেনি সেসব শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তি বাতিলসহ সব ধরনের সরকারি সাহায্য সম্পূর্ণ বন্ধ করে দেয়া হবে। এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল পর্যালোচনা করে গত রোববার থেকে কেউ পাস না করা শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়া শুরু হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, বিভিন্ন

এমপিওভুক্তি : পৃঃ ২ কঃ ৩

## এমপিওভুক্তি : বাতিল হচ্ছে

(১ম পৃষ্ঠার পর)

পাবলিক পরীক্ষায় যেসব স্কুলের কোন ছাত্রছাত্রী পাস করেনি সেসব স্কুলের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে স্কুলগুলোকে শিক্ষার মান বাড়ানোর দিকে মনোযোগী হতে বাধ্য করার জন্যই সরকার তাদের শাস্তি দেয়ার নিয়ম প্রবর্তন করেছে। এ নিয়মের কারণে বিগত বছরগুলোতে স্কুলগুলোর শিক্ষার পরিবেশ এবং সামগ্রিক মান বাড়ানো সম্ভব হয়েছে।

গত ১২ জুন এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এবার একজন ছাত্রও পাস করেনি- এমন স্কুল ও মাদ্রাসার সংখ্যা ২৪৮টি। এর মধ্যে স্কুল ও ভোকেশনাল ইনস্টিটিউট ৮৩টি এবং ১৬৫টি মাদ্রাসা রয়েছে।

এবছরের এসএসসির ফল পর্যালোচনা করে দেখা গেছে, গত বছরের চেয়ে এবার এসএসসিতে কেউ পাস করেনি- এমন স্কুল ও মাদ্রাসার সংখ্যা ৫৫টি বেশি। গত বছর কেউ পাস করেনি এমন স্কুল-মাদ্রাসার সংখ্যা ছিল ১৯৩টি। তবে কেউ পাস না করা মাদ্রাসার সংখ্যা গত বছরের চেয়ে এবার ৭১টি বেশি। কেউ পাস করেনি এমন মাদ্রাসার সংখ্যা গত বছর ছিল ৯৪টি। এবার তা বেড়ে দাঁড়িয়েছে ১৬৫টি। অন্যদিকে কেউ পাস না করা স্কুলের সংখ্যা গতবার ছিল ২৬টি। এবার তা ২টি বেড়ে দাঁড়িয়েছে ২৮।

এছাড়া বোর্ডওয়ারি হিসাবে দেখা গেছে, এবার কেউ পাস না করা স্কুলের সংখ্যা সবচেয়ে বেশি বরিশাল বোর্ডে। ওই বোর্ডে ১৯টি স্কুল থেকে একজনও পাস করেনি। তবে এক্ষেত্রে রেকর্ড করেছে যশোর বোর্ড। সেখানে একজনও পাস করেনি এমন স্কুল নেই। আর কুমিল্লা, চট্টগ্রাম ও সিলেট বোর্ডে ৩টি করে স্কুল থেকে কেউ পাস করেনি। কেউ পাস না করার দিক দিয়ে দ্বিতীয় অবস্থানে আছে ঢাকা বোর্ড। এখানে একজনও পাস করেনি এমন স্কুলের সংখ্যা ১৫টি।

পরিসংখ্যানে দেখা গেছে, কেউ পাস করেনি এমন স্কুল ও মাদ্রাসার সংখ্যা সবচেয়ে বেশি ছিল ২০০৩ সালে। সে বছর ৯৭৯টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে কেউ পাস করেনি। এর আগে ২০০২ সালে ৫৯০টি, ২০০৪ সালে ৫৪৮টি, ২০০৫ সালে ৪২৪টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে কেউ পাস করেনি।

তবে কেউ পাস না করা শিক্ষা প্রতিষ্ঠানকে শাস্তি দেয়ার পাশাপাশি যেসব শিক্ষা প্রতিষ্ঠান আগের চেয়ে এবার ভাল করেছে তাদের পুরস্কৃত (অনুদান বাড়ানো, উন্নয়নে সহযোগিতা করা) করার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এ ব্যাপারে শিগগিরই ঘোষণা দেয়া হতে পারে বলে মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে।

কেউ পাস না করা শিক্ষা প্রতিষ্ঠানকে শাস্তি দেয়া প্রসঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (মাধ্যমিক) নজরুল ইসলাম খান 'সংবাদ'কে বলেন, যেসব শিক্ষা প্রতিষ্ঠানকে সরকার বছরের পর বছর ধরে বেতন-ভাতাসহ বিভিন্ন রকম সহযোগিতা করছে সেসব প্রতিষ্ঠান যদি কোন সাফল্য দেখাতে না পারে তবে সরকার কেন তাদের পেছনে বছর বছর টাকা খরচ করবে। সরকার কেন টাকা অপচয় করবে? তাদের টাকা না দিয়ে সে টাকা যারা ভাল করছে সেসব স্কুলকে দিলে ফল আরও ভাল হবে। সরকারও এটাই চায়।